



স্কুলে তালা বুলিয়েছে ছাত্র-ছাত্রীরা

বরিশাল ব্যুরো : প্রধান শিক্ষক ও ক্রীড়া শিক্ষকের অবহেলায় বরিশালের উজিরপুরের ভিক্টোরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের দুই ছাত্র অপহরণ ও ঐ স্কুলের ছাত্র-ছাত্রীদের অন্য স্কুলের ছাত্ররা মারধর করায় বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণ স্কুলটিতে তালা বুলিয়ে দিয়েছে।
৭-এর পৃঃ ২-এর কঃ দেখুন

স্কুলে তালা প্রথম পৃষ্ঠার পর

উজিরপুর স্টেজেলার আন্তঃস্কুল ক্রীড়া প্রতিযোগিতা গত শুক্রবার ধামুরা স্কুল মাঠে চলাকালে শোলক ভিক্টোরিয়া বিদ্যালয়ের ছাত্রদের সাথে গোলযোগ শুরু হয়। স্বাগতিক ধামুরা স্কুলের ছাত্ররা ভিক্টোরিয়া স্কুলের ছাত্র-ছাত্রীদের মারধর করে ও ৪ স্কুল ছাত্রীকে অপহরণ করে তাদের শ্রীলতাহানিরও চেষ্টা করে। এসব ছাত্রীদের চিৎকার এলাকাবাসী ছুটে আসলে অপহরণকারীরা প্রথমে তাদের মারধর করলেও পরে ছাত্রীদের ফেলে পালিয়ে যায়। ঘটনার সময় ভিক্টোরিয়া স্কুলের প্রধান শিক্ষক নিমাই চন্দ্র দাস ও শরীরচর্চা শিক্ষক হারুন-আর-রশিদ ভখন ধামুরা স্কুলেই ছিলেন না। ফলে সেখানে ভিক্টোরিয়া স্কুলের ছাত্র-ছাত্রীরা ছিলেন অভিভাবকহীন। এ সুযোগেই স্বাগতিক ধামুরা স্কুলের ছাত্ররা তাদের মারধর করে। এ ঘটনায় ক্ষুব্ধ ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ গত শনিবার স্কুলটিতে তালা বুলিয়ে দিয়েছে।